# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** অগ্রণী কলেজের আশেপাশে এক সময় কিছুই ছিল না। বিগত ৮ বছরের মধ্যে কলেজের আশে পাশে অনেক আবাসিক ও বাণিজ্যিক প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এতে করে কলেজের একাডেমিক পরিবেশ বিঘ্নিত হতে থাকে, যা সকলকে উদ্বিগ্ন করে তুলেছে।

ক. মানব ভূগোলের সংজ্ঞা দাও। ১

খ. মানব ভূগোলের ধারণা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বর্ণনা মানব ভূগোলের বিষয় বস্তুর সাথে কিভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি মানব ভূগোলের সব শাখা নির্দেশ করে না- মতামত প্রকাশ কর। ৪

**২.▶** ১৯৭১ সালের ২৫মার্চ কালো রাত্রিতে পাকিস্তানি হানাদার বাহিনী অপারেশন সার্চলাইট নামে ঢাকায় একটি জঘণ্যতম গণহত্যা চালায়। শুরু হয় মুক্তিযুদ্ধ। ফলে নিজেদের জীবন রক্ষার্থে বাংলাদেশের মানুষ প্রতিবেশী দেশ ভারতের পশ্চিমবঙ্গ ও ত্রিপুরায় আশ্রয় নেয়।

ক. অভিগমন কাকে বলে? ১


খ. জন্মহার ও মৃত্যুহার নির্ণয়ের সূত্রগুলি লিখ। ২

গ. ভারতে আশ্রয়গ্রহণ কোন ধরণের অভিগমন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাঙালিদের অভিগমন ভারতের ঐ অঞ্চলের সার্বিক পরিবেশের উপর কিরূপ প্রভাব ফেলবে? বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

**৩.▶**




ক. বসতি কাকে বলে? ১

খ. দুর্যোগমুক্ত এলাকায় বসতি গড়ে উঠে কেন? ২

গ. উদ্দীপক থেকে উক্ত দুটো সময়ে নগরায়নের ধাপ ব্যাখ্যা কর। ৩

ঘ. লেখচিত্রের আলোকে ১৯৯১ সালের তুলনায় ২০০১ সালে নগরায়ন বৃদ্ধির কারণ বিশ্লেষণ কর। ৪

৪.▶ বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। এ দেশের প্রায় ৭৫ শতাংশের বেশী মানুষ একটি পেশায় জড়িত। এর মাধ্যমে এদেশে বিভিন্ন ধরনের 'D' উৎপন্ন হয় যা দিয়ে দেশের মানুষের খাদ্যের চাহিদা পূরণ করা হয়।

ক. এশিয়া প্রধান ৪টি ধান উৎপাদনকারী দেশের নাম লিখ। ১

খ. বাংলাদেশের উত্তরাঞ্চলে অধিক উৎপন্ন হয় কেন? ২

গ. উদ্দীপকের পেশার সঠিক সংশ্লিষ্ট সংস্থার অবদান ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে উক্ত খাতের অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫.▶ মোহনপুর ডিগ্রী কলেজ, রাজশাহীর ছাত্র-ছাত্রীরা শিক্ষা সফরে চট্টগ্রাম গিয়ে দেখল, কর্ণফুলী নদীর মোহনা দিয়ে বড় বড় জাহাজ বন্দরের দিকে যাচ্ছে। কোন জাহাজ থেকে মালামাল বন্দরে নামানো হচ্ছে। এ ঘটনা তাদের ভীষণভাবে বিমোহিত করেছে।

ক. রাজশাহী থেকে ঢাকার দূরত্ব কত কিলোমিটার? ১

খ. বাংলাদেশের রেল পরিবহন ব্যবস্থা অর্থনৈতিক উন্নতিতে কি কি ভূমিকা রাখছে? ২

গ. উদ্দীপকের ইঙ্গিতকৃত এলাকার সমুদ্রবন্দর বাংলাদেশের মানচিত্র অংকন করে নির্দেশ কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে গভীর সমুদ্রবন্দর স্থাপনের পক্ষে বিপক্ষে মতামত উপস্থাপন কর। ৪

Teachingbd.com

৬.▶




ক. দুর্যোগ কাকে বলে? ১

খ. পানি দূষণের কারণগুলি উল্লেখ কর। ২

গ. মানচিত্রে 'ক' চিহ্নিত অঞ্চলে কি ধরণের সমস্যা দেখা যায় ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ক' অঞ্চল ২০৫০ সাল নাগাদ মানচিত্র থেকে হারিয়ে যাবে- উক্তিটির সপক্ষে তোমার যুক্তি উপস্থাপন কর। ৪

http://teachingbd.com

## ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. মানব ভূগোলের প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয় কাকে?
ক মিস এলেন চার্চিল
খ মাইকেল ইলিয়ট হার্স্ট
গ ভিদ্যাল ডিলা ব্লাশ
ঘ আলেকজান্ডার ভন হামবোল্ট

২. গ্রামীণ হাটবাজার গড়ে ওঠার মূল কারণ কোনটি?
ক অর্থনৈতিক খ সামাজিক
গ রাজনৈতিক ঘ সাংস্কৃতিক

৩. শিল্প কারখানার জন্য সর্বপ্রথম কোন জিনিসটি প্রয়োজন?
ক জলবায়ু খ কাঁচামাল
গ শক্তি সম্পদ ঘ পানি সম্পদ

৪. সোপান এলাকা বলতে বোঝায়—
i. যমুনার পশ্চিমের বরেন্দ্রভূমি
ii. যমুনার পূর্বের মধুপুর গড়
iii. কুমিল্লার লালমাই পাহাড়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. আফ্রিকা মহাদেশের ভূ-প্রকৃতি কীরূপ?
ক সমভূমি খ মালভূমি
গ পর্বতবেষ্টিত ঘ শৃঙ্গবিশিষ্ট

৬. পৃথিবীর অধিকাংশ ধান উৎপন্ন হয়ে থাকে—
i. দক্ষিণ-পূর্ব এশিয়ায় মৌসুমি জলবায়ু অঞ্চলে
ii. পূর্ব এশিয়ায় মৌসুমি জলবায়ু অঞ্চলে
iii. আফ্রিকা অঞ্চলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. কোনো নগরের জনসংখ্যা ৫০ লক্ষ্যের বেশি হলে তাকে কী বলে?
ক মহানগর খ শহর
গ নগরপুঞ্জ ঘ মেগাসিটি

৮. বাংলাদেশের প্রথম প্রাকৃতিক গ্যাসক্ষেত্র কোনটি?
ক হরিপুর খ ছাতক
গ রশিদপুর ঘ তিতাস

৯. কোন দেশটি জনমিতিক ট্রানজিশনাল মডেলের তৃতীয় পর্যায়ে পড়ে?
ক বাংলাদেশ খ ভারত
গ জাপান ঘ শ্রীলঙ্কা

১০. প্রাকৃতিক ও মানব ভূগোলের অন্যতম বৈশিষ্ট্য কোনটি?
ক নগর খ শহর
গ অঞ্চল ঘ সংস্কৃতি

১১. অভিগমন এর ইংরেজি প্রতিশব্দ কোনটি?
ক Mitigation খ Migration
গ Going on ঘ Movement

১২. আখের বৈজ্ঞানিক নাম কী?
ক *Saccharum Officinarum linn*
খ *Truficum aestivum linn*
গ *Oryza Sativa* ঘ *T. dieioecum*

১৩. কোনটি আধুনিক শিল্পের ভিত্তি?
ক খনিজ তেল খ পানি
গ লৌহ ঘ মাটি

১৪. প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার জন্য করণীয় দিক—
i. প্রতিরোধ ও প্রস্তুতি ii. সাড়াদান
iii. পুনরুদ্ধার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. পাট শিল্পের জন্য বিশ্ববিখ্যাত ছিল কোন শহর?
ক টাঙ্গাইল খ ফরিদপুর
গ নরসিংদী ঘ নারায়ণগঞ্জ

১৬. জাপানের পার্লামেন্টের নাম কী?
ক নেসেট খ ডায়েট
গ সীম ঘ ফোকেটিং

১৭. হীরা, সোনা, রূপা প্রভৃতি খনিজ ভূভাগে কী হিসেবে অবস্থান করে?
ক মৌল খ যৌগ
গ জটিল ঘ কঠিন

১৮. এশিয়া মহাদেশের মধ্যভাগের একটি দেশ বাংলাদেশ। দেশটি কোন জলবায়ুর অন্তর্ভুক্ত?
ক হিমমণ্ডল খ উষ্ণমণ্ডল
গ তুন্দ্রা ঘ নাতিশীতোষ্ণ মণ্ডল

http://teachingbd.com

১৯. **বিশ্ব বাণিজ্যে কোন কৃষির অবদান সর্বাধিক?**
ⓚ প্রগাঢ় কৃষির ⓚ ব্যাপক কৃষির
ⓖ বাগিচা কৃষির ⓖ স্থানান্তরিত কৃষির

২০. **সারিবদ্ধ বসতি কোথায় গড়ে ওঠে?**
ⓚ রাস্তার দু'ধারে ⓚ নদীর তীরে
ⓖ পাহাড়ি এলাকায় ⓖ পুকুরের চারপাশে

২১. **কোনটি মহাদেশ নয়?**
ⓚ ইউরোপ ⓚ আফ্রিকা
ⓖ এশিয়া ⓖ অস্ট্রেলিয়া

২২. **পরিবেশের ভারসাম্য রক্ষায় নিচের কোনটির সংরক্ষণ জরুরি?**
ⓚ বায়ু ⓚ পানি
ⓖ মাটি ⓖ ওজোনস্তর

২৩. **বাংলাদেশে অপ্রচলিত রপ্তানি পণ্যসমূহ—**
i. কাঁকড়া ii. চিংড়ি
iii. হিমায়িত খাদ্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. **অভ্র কোন ধরনের খনিজ?**
ⓚ ধাতব ⓚ অধাতব
ⓖ যৌগিক ⓖ জ্বালানি

২৫. **শহর থেকে গ্রামে অভিগমন কোন দেশগুলোতে?**
ⓚ উন্নত ⓚ অনুন্নত
ⓖ স্বল্পোন্নত ⓖ উন্নয়নশীল

২৬. **পৃথিবীর শীতলতম মহাদেশ বলা হয় কোনটিকে?**
ⓚ উত্তর আমেরিকাকে
ⓚ দক্ষিণ আমেরিকাকে
ⓖ ইউরোপকে ⓖ এন্টার্কটিকাকে

২৭. **ঋতু পরিবর্তন বাংলাদেশের কোন ক্ষেত্রটির ওপর প্রত্যক্ষ প্রভাব রাখে?**
ⓚ কৃষিক্ষেত্রে ⓚ শিল্পায়নের ক্ষেত্রে
ⓖ বাণিজ্যের ক্ষেত্রে ⓖ যোগাযোগের ক্ষেত্রে

২৮. **চা কোন দেশের জাতীয় পানীয়?**
ⓚ জার্মানির ⓚ জাপানের
ⓖ চীনের ⓖ ইংল্যান্ডের

২৯. **বাংলাদেশের চিংড়ি চাষ হয়ে থাকে—**
i. গলদা জাতের
ii. বাগদা জাতের
iii. লোনা জাতের
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩০. **পৃথিবীর প্রধান খনিজ তেল উত্তোলনকারী দেশ কোনটি?**
ⓚ সৌদি আরব ⓚ আমেরিকা
ⓖ চীন ⓖ রুশ ফেডারেশন

৩১. **দক্ষিণ আফ্রিকায় কী ধরনের কয়লা পাওয়া যায়?**
ⓚ পিট ⓚ লিগনাইট
ⓖ বিটুমিনাস ⓖ গ্রাফাইট

৩২. **সামাজিক বনায়ন ভূমিকা রাখছে—**
i. আর্থ-সামাজিক উন্নয়নে
ii. দারিদ্র্য বিমোচনে
iii. বেকারত্ব দূরীকরণে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৩. **বায়ুতে সংশ্লেষিত ফ্রেয়ন গ্যাস কোন বায়ুস্তরে ঢুকে পড়ে ওজোন স্তরকে পাতলা করে দিচ্ছে?**
ⓚ স্ট্রাটোস্ফেরিক ⓚ মেসোস্ফেরিক
ⓖ থার্মোস্ফেরিক ⓖ ট্রোপোস্ফেরিক

৩৪. **কোনটির ফলে বাবস্তুতন্ত্রের স্বাভাবিক ভারসাম্য বিঘ্নিত হচ্ছে?**
ⓚ গ্রিনহাউস প্রভাবের ⓚ এসিড বৃষ্টির
ⓖ ওজোনস্তরের ক্ষয়ের ⓖ অরণ্য নিধনের

৩৫. **শক্তির বিকল্প উৎস হিসেবে বিভিন্ন ক্ষেত্রে গ্রহণ করা হচ্ছে—**
i. বায়োগ্যাস ii. প্রাকৃতিক গ্যাস
iii. বায়োডিজেল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | ঘ | | | | | | | | | | |

http://teachingbd.com